




বিজ্ঞপ্তি

আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, সারাদেশের উপর দিয়ে প্রবহমান তীব্র তাপদাহ (হিট ওয়েভ)-এর কারণে স্বাস্থ্যঝুঁকি এড়াতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনলাইন ক্লাস অনুষ্ঠিত হবে এবং পরীক্ষাসমূহ যথারীতি চলমান থাকবে। উল্লেখ্য, বর্তমানে প্রচলিত ১০% অনলাইন ক্লাসের পরিবর্তে শতভাগ অনলাইন ক্লাস অনুষ্ঠিত হবে।

এক্ষেত্রে কোন শিক্ষার্থী হল অথবা বাসার বাইরে আসতে চাইলে স্বাস্থ্যঝুঁকি এড়াতে নিম্নোক্ত স্বাস্থ্যবিধি মেনে সতর্কতার সাথে চলাফেরার জন্য পরামর্শ দেয়া হলো:

- সাদা বা হালকা রঙের ঢিলেঢালা সুতির পোশাক পরিধান করা,
- যথাসম্ভব ছায়াযুক্ত স্থানে থাকা,
- বাইরে যেতে হলে মাথার জন্য চওড়া কিনারায়ুক্ত টুপি, ক্যাপ বা ছাতা ব্যবহার করা,
- বিশুদ্ধ পানি পান করা; প্রয়োজনে লবনযুক্ত তরল যেমন- খাবার স্যালাইন ইত্যাদি পান করা।
- তাপমাত্রা বৃদ্ধিকারী পানীয় যেমন- চা ও কফি পান থেকে বিরত থাকা।


21/04/24


রেজিস্ট্রার
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারক নং-রেজিঃ/ ২০৪৫২ - ডি

তারিখ: ০৮ বৈশাখ ১৪৩১
২১ এপ্রিল ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ২। প্রভোস্ট, সকল হল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৩। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৪। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৫। পরিচালক, আইসিটি সেল, ঢাকা বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রদানের জন্য)।
- ৬। পরিচালক, জনসংযোগ দপ্তর, ঢাকা বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য)।
- ৭। টেকনিক্যাল অফিসার, রেজিস্ট্রারের ব্যক্তিগত শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয় (ইমেইলে প্রেরণের জন্য)।


ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-৩)
ঢাকা বিশ্ববিদ্যালয়